

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০৯.২২.১৭৩৭

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯  
১০ নভেম্বর ২০২২

**বিষয় : জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (উপ-পরিচালক, স্থানীয় সরকার/ অতিরিক্ত জেলা প্রশাসক)/ নির্বাহী কর্মকর্তার উপস্থিতি নিশ্চিতকরণ।**


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৪ নভেম্বর ২০২২ তারিখ, সোমবার, বেলা ১২.০০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, শেরেবাংলা নগর, ঢাকায় মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ৫৯টি জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগামী ১২ নভেম্বর ২০২২ তারিখ, শনিবার, সকাল ০৯.০০টা হতে ঢাকার কাকরাইলস্থ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান কার্যালয়ে নির্বাচিত চেয়ারম্যান, সদস্য ও প্রধান নির্বাহী কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তাদের কোভিড-১৯ পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করা হবে।

২। এছাড়া, একই দিনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যবৃন্দের আমন্ত্রণপত্র ও শপথনামা বিতরণ করা হবে।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট উপ-পরিচালক, স্থানীয় সরকার/ অতিরিক্ত জেলা প্রশাসক) মূল শপথ অনুষ্ঠান শেষে চেয়ারম্যান ও সদস্যবৃন্দের স্বাক্ষরিত শপথনামা সংগ্রহপূর্বক স্থানীয় সরকার বিভাগে দাখিল করবেন।

৪। এমতাবস্থায়, জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট উপ-পরিচালক, স্থানীয় সরকার/ অতিরিক্ত জেলা প্রশাসক) এর উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫। বিষয়টি অতীব জরুরি।

  
এস এম নজরুল ইসলাম  
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

বিতরণ (কার্যার্থে):

১। বিভাগীয় কমিশনার

..... (সকল)

২। পরিচালক, স্থানীয় সরকার, ..... (সকল)

৩। জেলা প্রশাসক, ..... (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।